Total No. of Printed Pages—8

## 2 SEM TDC BNLN (CBCS) DSC 2 (A/B)

**2023**

( May/June )

BENGALI

( Discipline Specific Course )

Paper : DSC–2

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

প্রথম পত্র

Paper : DSC–2 (A)

( বাংলা ভাষা ও সাহিত্য পরিচয় )

১ম একক

( ধ্বনি প্রকরণ )

১। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) ভাষার ক্ষুদ্রতম একক হল ধ্বনি/বাক্য।
( শুদ্ধ উত্তরটি বেছে নাও )

(খ) বাংলা কণ্ঠ্যধ্বনির একটি উদাহরণ দাও।

(গ) বাংলা অর্ধস্বরধ্বনির একটি উদাহরণ দাও।

(ঘ) 'সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা' গ্রন্থটির রচয়িতা কে?

(ঙ) বাক্য > বাইক্ক।

( ধ্বনি পরিবর্তনের কোন্ ধারায় এই পরিবর্তন সাধিত হয়েছে ? )

(চ) শ, স, ষ—এগুলো কোন্ ধ্বনির অন্তর্গত ?

২। উদাহরণ দিয়ে সংজ্ঞা নির্দেশ কর (যে কোনো দুটি) : ৩×২=৬

স্বরসঙ্গতি ; বিপ্রকর্ষ ; আদিস্বরলোপ ; সমীভবন।

৩। ধ্বনি পরিবর্তনের সূত্রানুসারে ব্যঞ্জনধ্বনির স্থানভেদে আগমের ত্রিবিধ প্রকৃতির যথার্থ উদাহরণ দিয়ে আলোচনা কর। ১০

*অথবা*

'ধ্বনির লোপ ধ্বনি পরিবর্তনের একটি ধারা'—এই ধারায় স্বরধ্বনি লোপের যে বিভিন্ন দিক রয়েছে তা উদাহরণযোগে ব্যাখ্যা কর।

## ২য় একক

## ( শব্দার্থতত্ত্ব )

৪। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) ভাষাবিজ্ঞানের যে শাখায় ভাষার অর্থ সম্পর্কে আলোচনা করা হয় তাকে ______ বলে।

( শূন্যস্থান পূর্ণ করো )

(খ) প্রত্যয় কী ?

(গ) ভাষাবিজ্ঞানের 'শব্দার্থতত্ত্ব' ধারণায় ভাষার কোন্ দিকটিকে নিয়ে আলোচনা করা হয় ?

(ঘ) 'সমাস' শব্দটির আক্ষরিক অর্থ কী ?





(ঙ) কৃৎপ্রত্যয়ের একটি উদাহরণ দাও।

(চ) দশ আনন যাহার = দশানন—এটি কোন্ সমাসের উদাহরণ ?

৫। সংক্ষেপে লেখ (যে কোনো দুটি) : ৩×২=৬

(ক) তৎপুরুষ সমাস

(খ) অর্থ পরিবর্তনের ঐতিহাসিক কারণ

(গ) কৃৎপ্রত্যয় গঠনে ধাতুর ভূমিকা

৬। অর্থ পরিবর্তনের স্থূল কারণগুলো উদাহরণসহ আলোচনা কর। ১০

*অথবা*

বাংলা শব্দ গঠনে সমাসের ভূমিকা বা গুরুত্ব কতখানি সে সম্পর্কে উদাহরণ সহযোগে তোমার মতামত তুলে ধর।

## ৩য় একক

## ( ভাষার রূপ প্রক্রিয়া )

৭। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) বাংলা ভাষায় উপসর্গ কয় প্রকার ?

(খ) বিভক্তি ও অনুসর্গের মধ্যে মিল কোথায় ?

(গ) বইটি আমি আগেই পড়েছি।

(কর্মবাচ্যে রূপান্তরিত কর )

(ঘ) উপসর্গের নিজস্ব অর্থ আছে/নাই।

( শুদ্ধ উত্তরটি বেছে নাও )

(ঙ) সারাক্ষণ বাঁশি বাজে—কোন্ বাচ্যের উদাহরণ ?

৮। টীকা লেখ (যে কোনো দুটি) : ৩×২=৬

ভাববাচ্য ; বিদেশী উপসর্গ ; কর্তৃবাচ্য।

৯। উপসর্গ ও অনুসর্গের সংজ্ঞা নির্দেশ করে শব্দ গঠনে তাদের ভূমিকাগুলো একটি তুলনামূলক দৃষ্টিতে উপস্থাপিত কর। ১০

*অথবা*

বাচ্য কী? বাংলায় বাচ্যের প্রকারভেদগুলো কী কী? কর্মবাচ্য ও কর্মকর্তৃবাচ্য উদাহরণসহ আলোচনা কর।

## ৪র্থ একক

## ( বাংলা অলঙ্কার )

১০। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) শব্দালঙ্কার প্রকৃতপক্ষে _____ অলঙ্কার। ( শূন্যস্থান পূর্ণ কর )

(খ) শ্লেষ অলঙ্কার কী ধরনের অলঙ্কার?

(গ) 'অলঙ্কার-চন্দ্রিকা' গ্রন্থটির রচয়িতা কে?

(ঘ) "কেতকী কত কি কথা কামিনীর কহে কানে কানে"—কী অলঙ্কার?

(ঙ) "দুই ধারে এ কি প্রাসাদের সারি? অথবা তরুর মূল? অথবা এ শুধু আকাশ জুড়িয়া আমারি মনের ভুল?" কোন্ অলঙ্কারের উদাহরণ?

১১। টীকা লেখ (যে কোনো দুটি) : ৩×২=৬

যমক ; শ্লেষ ; সমাসোক্তি।

১২। শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের মধ্যে একটি তুলনামূলক আলোচনা তুলে ধর। ১০

*অথবা*

অনুপ্রাস কাকে বলে? প্রত্যেক প্রকার অনুপ্রাসের সংজ্ঞা ও উদাহরণ দিয়ে আলোচনা কর।





## Paper : DSC–2 (B)

## ( বাংলা পদ্য সাহিত্য ও লোকসংস্কৃতি )

## ১ম একক

## ( বৈষ্ণব সাহিত্য )

১। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) কাকে 'চৈতন্যলীলার ব্যাস' বলা হয়?

(খ) 'চৈতন্যভাগবত'-এর পূর্ব নাম কী ছিল?

(গ) 'চৈতন্যভাগবত'-এর তিনটি খণ্ডে মোট কয়টি অধ্যায় আছে?

(ঘ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটির যে কোনো একটি ত্রুটির উল্লেখ কর।

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) 'চৈতন্যভাগবত' গ্রন্থের 'আদিখণ্ড' অনুসরণে নিমাই-এর বাল্যলীলা সংক্ষেপে লেখ।

(খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটির গুরুত্ব সংক্ষেপে তুলে ধর।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) বৃন্দাবনদাস চৈতন্য মহাপ্রভুর জীবনলীলায় যে অলৌকিক বাতাবরণের বিবরণ দিয়েছেন তা বর্ণনা কর।

(খ) বৃন্দাবনদাসের কবি-কৃতিত্ব আলোচনা কর।

## ২য় একক

### ( মঙ্গলকাব্য )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) ভারতচন্দ্র কার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন ?

(খ) ভারতচন্দ্র তাঁর কাব্যকে কী বলেছেন ?

(গ) 'অন্নদামঙ্গল' কাব্যের রচনাকাল কত ?

(ঘ) "অর্দ্ধ অঙ্গ যদি মোর অঙ্গে মিলাইবা।
কুচনীর বাড়ী তবে কেমনে যাইবা॥"
উক্তিটি কার ?

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৫

(ক) 'দেবখণ্ড' (প্রথম খণ্ড) অবলম্বনে ব্যাসদেবের চরিত্রটি আলোচনা কর।

(খ) 'মঙ্গলকাব্য' হিসেবে 'অন্নদামঙ্গল' কাব্যের বিশেষত্ব আলোচনা কর।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) "ভারতচন্দ্রের দেব-চরিত্ররাও পাঠকের সামনে সমাজকে তুলে ধরেছেন তার নানা মাত্রা নিয়ে।" সমালোচকের এই মন্তব্যের যথার্থতা 'অন্নদামঙ্গল'-এর প্রথম খণ্ড অবলম্বনে আলোচনা কর।

(খ) 'অন্নদামঙ্গল'-এর প্রথম খণ্ড অবলম্বনে দেবী অন্নপূর্ণার চরিত্রটি তুলে ধর।





## ৩য় একক

### ( ময়মনসিংহ গীতিকা )

৭। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) কার সম্পাদনায় 'ময়মনসিংহ গীতিকা' সম্পাদিত হয় ?

(খ) 'ময়মনসিংহ গীতিকা'র উপজীব্য বিষয় কী ?

(গ) মলুয়ার স্বামীর নাম কী ?

(ঘ) 'চন্দ্রাবতী' পালাটি কোন্ কবির রচনা ?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) চান্দ বিনোদ চরিত্রটি বর্ণনা কর।

(খ) গীতিকা হিসেবে 'ময়মনসিংহ গীতিকা'র যথার্থতা তুলে ধর।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) "এই গীতিকাগুলির নারীচরিত্রসমূহ প্রেমে দুর্জয় শক্তি, আত্মমর্যাদার অলঙ্ঘ্য পবিত্রতা ও অত্যাচারীর হীন পরাজয় জীবন্তভাবে দেখাইতেছে।" তোমার পাঠ্য গীতিকাগুলি অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ কর।

(খ) 'মলুয়া' পালার মলুয়া চরিত্রটি আলোচনা কর।

## ৪র্থ একক

### ( বাংলার লোকগান )

১০। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) বাউল গান কী ধরনের সঙ্গীত?

(খ) 'জারি' শব্দের অর্থ কী?

(গ) প্রয়োগগত দিক থেকে ঝুমুরের প্রকারভেদ কয়টি?

(ঘ) কার স্মৃতিতে ভাদু গান ও উৎসবের শুরু হয় বলে লোককথা রয়েছে?

১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৫

(ক) 'টুসু' কী ধরনের উৎসব? টুসু গানের বিশেষত্ব কী?

(খ) জারি গানের উৎস ও বিশেষত্ব সংক্ষেপে তুলে ধর।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) বাউল গানের উৎপত্তি, দর্শন ও বৈশিষ্ট্যগুলো নিয়ে একটি টীকা-প্রস্তুত কর।

(খ) ঝুমুর গানের উৎপত্তি কোথায়? প্রাচীন ধারার লোকসঙ্গীত হিসেবে ঝুমুর গানের পরিচয় দাও।

★★★